# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৫৯

৫০/ কুরআন তাফসীর (كتاب تفسير القرآن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ সূরা মুহাম্মাদ

بَابٌ: وَمِنْ سُورَةِ مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، أَخْبَرَنَا مَعْمَرٌ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، رضى الله عنه : (واسْتَغْفِرْ لِذَنْبِكَ وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ ) فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " إِنِّي لأَسْتَغْفِرُ اللَّهَ فِي الْيَوْمِ سَبْعِينَ مَرَّةً " . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . ـ وَيُرْوَى عَنْ أَبِي هُرَيْرَةَ أَيْضًا عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " إِنِّي لأَسْتَغْفِرُ اللَّهَ فِي الْيَوْمِ مِائَةَ مَرَّةٍ " . وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم " إِنِّي لأَسْتَغْفِرُ اللَّهَ فِي الْيَوْمِ مِائَةَ مَرَّةٍ " . وَرَوَاهُ مُحَمَّدُ بْنُ عَمْرٍو عَنْ أَبِي سَلَمَةَ عَنْ أَبِي هُرَيْرَةَ .

বাংলা

৩২৫৯. আবদ ইবন হুমায়দ (রহঃ) ....... আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, (واسْتَغْفِرْ لِذَنْبِكَ وَلِلْمُؤْمِنِينَ وَالْمُؤْمِنَاتِ) – ক্ষমা প্রার্থনা করুন আপনার এবং মু’মিন নর-নারীদের ত্রুটির জন্য (সূরা মুহাম্মাদ ৪৭ঃ ১৬)। আয়াত প্রসঙ্গে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি দিনে সত্তরবারও আল্লাহর নিকট ইস্তিগফার করি।

সহীহ, বুখারি ৬৩০৭, তাতে আছে সত্তর বারেরও বেশী ক্ষমা প্রার্থনা করি, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৫৯ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি হাসান-সহীহ। আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহ সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি বলেছেনঃ আমি আল্লাহর নিকট প্রতিদিন শতবার ইস্তিগফার করি। এটি মুহাম্মাদ ইবন আমর আবূ সালামা রাদিয়াল্লাহু আনহ সূত্রে আবূ হারায়রা রাদিয়াল্লাহু আনহ থেকে বর্ণনা করেছেন।

## English

Narrated Az-Zuhri:
from Abu Salamah, from Abu Hurairah [may Allah be pleased with him] (regarding): 'And seek forgiveness for your sins, and also for the believing men and women (47:19).' That the Messenger of Allah (ﷺ) said: "Indeed I ask Allah for forgiveness seventy times a day."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38650

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন